# দিনাজপুর বোর্ড-২০১৭

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

### সৃজনশীল প্রশ্ন

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান- ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক বিভাগ থেকে কমপক্ষে **চারটি** এবং খ বিভাগ থেকে কমপক্ষে **দুটিসহ** মোট **সাতটি** প্রশ্নের উত্তর দিতে হবে।]*

### ক বিভাগ: ব্যাংকিং

**১.▶** ইছামতি ব্যাংক বেশ কয়েক বছর ধরে চরম তারল্য সংকটে ভুগছে। ব্যাংকটি তাদের গ্রাহকদের ঠিকমতো অর্থ পরিশোধ করতে পারছে না, ঋণ গ্রহীতারাও ঋণের আবেদন করে ব্যর্থ হচ্ছে। ব্যাংকের সুনাম দিন দিন হ্রাস পাচ্ছে। সকল উৎস থেকে ঋণ সংগ্রহের চেষ্টা করে ব্যাংকটি ব্যর্থ হয়। এমন সময় তাদের সাহায্যে এগিয়ে আসে কেন্দ্রীয় ব্যাংক। ফলে ইছামতি ব্যাংকটি আবার নতুন জীবন লাভ করে।

ক. ব্যাংক কী? ১

খ. 'ব্যাংক ধার করা অর্থের ধারক'– ব্যাখ্যা করো। ২

গ. ইছামতি ব্যাংকের তারল্য সংকটের কারণ সংক্ষেপে লিখ। ৩

ঘ. ইছামতি ব্যাংকের সাহায্যে এগিয়ে আসে কোন ব্যাংক, কেন? উদ্দীপক অনুসারে বিশ্লেষণ করো। ৪

**২.▶** মি. তালুকদার রূপসা ব্যাংক, রাজশাহী শাখার ব্যবস্থাপক। তিনি ব্যাংকের উন্নয়নের জন্য সদা তৎপর। ব্যাংকের টাকা ঋণ নিয়ে কেউ যদি তা পরিশোধে ব্যর্থ হয়, এ ভয়ে তিনি ঋণ প্রদানে গড়িমসি করেন। ফলে ঋণ গ্রহীতারা ঋণ নিতে নিরুৎসাহিত হন। এতে ব্যাংকের সার্বিক অবস্থা দিন দিন খারাপের দিকে চলে যায়।

ক. বিশেষায়িত ব্যাংক কী? ১

খ. ব্যাংক হার নীতি বলতে কী বোঝ? ২

গ. মি. তালুকদারের ধারণার সাথে তুমি কি একমত? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৩

ঘ. ব্যাংকের সার্বিক অবস্থা খারাপের দিকে যাওয়ার কারণ কী? ৪

**৩.▶** মিসেস সাহিদা একজন স্বল্প আয়ের চাকরিজীবী। তিনি ভবিষ্যতের জন্য কিছু সঞ্চয় করতে আগ্রহী। এজন্য পদ্মা ব্যাংকে একটি হিসাবও খোলেন। কিন্তু কোনোভাবেই সেখানে সঞ্চয় করতে পারছেন না। মাঝে মাঝে যা সঞ্চয় করেন তা

https://teachingbd24.com

আবার উঠিয়ে নেন। এক সহকর্মীর পরামর্শে তিনি ঐ ব্যাংকে ১০ বছর মেয়াদি আরেকটি হিসাব খোলেন। যেখানে তিনি প্রতি মাসে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা জমা দেন। এখন তিনি একটু কষ্ট করে হলেও সঞ্চয় করতে পারছেন।

ক. তারল্য কী? ১

খ. KYC বলতে কী বোঝ? ২

গ. মিসেস সাহিদা প্রথমে কী হিসাব খুলেছিলেন? সেই হিসাবে ঠিকমতো সঞ্চয় করতে না পরার কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. মিসেস সাহিদা পরবর্তীতে কী হিসাব খুলেছিলেন? 'এখন তিনি একটু কষ্ট করে হলেও সঞ্চয় করতে পারছেন'– উক্তিটি বুঝিয়ে লেখ। ৪

**৪.▶** মেসার্স খাঁন এন্টারপ্রাইজ একটি পোশাক রপ্তানিকারী প্রতিষ্ঠান। যুক্তরাষ্ট্রের একটি প্রতিষ্ঠানের সাথে তাদের ৫ লক্ষ পিস জিন্সের প্যান্ট রপ্তানির চুক্তি হয়। মেসার্স খাঁন এন্টারপ্রাইজের স্বত্বাধিকারী মি. খানের ধারণা প্রতি প্যান্ট থেকে তিনি ৮০ টাকা করে মুনাফা করবেন। এক্ষেত্রে তাঁর মুনাফার পরিমাণ হবে ৪ কোটি টাকা। কিন্তু ব্যবসায় শেষে দেখা গেল মুনাফার পরিমাণ তার ধারণার চেয়ে বেশ কিছু বেশি হয়েছে।

ক. ফ্যাক্টরিং কী? ১

খ. প্রত্যয়পত্র বলতে কী বোঝ? ২

গ. যুক্তরাষ্ট্রের একটি প্রতিষ্ঠানের সাথে মেসার্স খাঁন এন্টারপ্রাইজের যে চুক্তিটি হয় তা কোন প্রক্রিয়ায় সংঘটিত হয়? এ প্রক্রিয়ার তিনটি নিয়ম উল্লেখ করো। ৩

ঘ. মি. খাঁনের ধারণার চেয়ে মুনাফা বৃদ্ধির কারণ কী? ব্যাখ্যা করো। ৪

**৫.▶** মি. রহিম একজন ব্যবসায়ী। তিনি তার পাওনাদারের নিকট থেকে একটি চেক পান যার বাম পাশে আড়াআড়িভাবে দুটি দাগের মধ্যে 'হস্তান্তরযোগ্য নয়' কথাটি লেখা ছিল। চেকটি ব্যাংকে উপস্থাপন করলে ম্যানেজার সাহেব সরাসরি চেকের টাকা দিতে অপরাগতা প্রকাশ করেন তবে টাকা উঠানোর জন্য তিনি মি. রহিমকে একটি সহজ উপায় বলে দেন।

ক. হুকুম চেক কী? ১

খ. অগ্রিম চেক বলতে কী বোঝ? ২

গ. মি. রহিম পাওনাদারের নিকট থেকে যে চেকটি পেয়েছিলেন সেটি কি চেক? এ চেকের তাৎপর্য সংক্ষেপে বর্ণনা করো। ৩

ঘ. ব্যাংক ম্যানেজার মি. রহিমকে টাকা উঠানোর জন্য কী সহজ উপায় বলে দেন? বিশ্লেষণ করো। ৪

https://teachingbd24.com

৬.▶ মি. জহির সপরিবারে কক্সবাজার বেড়াতে যান। সঙ্গে অল্প কিছু নগদ টাকা ছাড়াও এক ধরনের একটি প্লাস্টিকের কার্ড নিয়ে যান। যা দিয়ে তিনি সেখানে গিয়ে ব্যাংক থেকে টাকা উঠানো ছাড়াও হোটেল বিল, খাবার বিল, এমনকি কেনাকাটার বিলও পরিশোধ করেন।

ক. সংরক্ষিত মুনাফা কী? ১

খ. অব্যক্তিক জামানত বলতে কী বোঝ? ২

গ. মি. জহির যে প্লাস্টিকের কার্ড নিয়ে যান তার নাম কী? এ কার্ড সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লিখ। ৩

ঘ. উল্লিখিত প্লাস্টিকের কার্ডটির সুবিধা-অসুবিধা আলোচনা করো। ৪

৭.▶ মি. আজাদ একজন মুরগির খামারি। তার খামারে মূলত মুরগির বাচ্চা উৎপাদন করা হয়। তিনি তার ফার্মের সকল অর্থ মধুমতি ব্যাংকের চলতি হিসাবে জমা রাখেন। মুরগির বাচ্চার চাহিদা বৃদ্ধির কারণে তিনি তার ব্যাংক হিসাবে রক্ষিত টাকার চেয়ে অতিরিক্ত ১০ লক্ষ টাকা ঋণ হিসেবে গ্রহণ করেন। এছাড়াও তার খামারটি বড় করার লক্ষ্যে তিনি সম্পূর্ণ খামারটি ঐ ব্যাংকের নিকট বন্ধক রাখা ছাড়াও একজন বিশিষ্ট ব্যক্তির সুপারিশে আরও ৩০ লক্ষ টাকা ঋণ গ্রহণ করেন।

ক. ই-ব্যাংকিং কী? ১

খ. নগদ ব্যবস্থাপনা বলতে কী বোঝ? ২

গ. মি. আজাদ প্রথমে যে ঋণ নিয়েছিলেন সেটা কী ঋণ? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. আজাদ কোন কোন জামানতের ভিত্তিতে পরবর্তী ঋণ গ্রহণ করেন? ব্যাখ্যা করো। ৪

Teachingbd24.com

## খ বিভাগ: বিমা

৮.▶ মি. চৌধুরী জাহাজ ব্যবসায়ী। বিদেশ থেকে পণ্য আনা-নেয়া তার কাজ। বৈদ্যুতিক সর্ট সার্কিটের মাধ্যমে আগুন লেগে তার একটি জাহাজের দুই-তৃতীয়াংশ ক্ষতিগ্রস্ত হয়। তিনি বিমা কোম্পানির কাছে সম্পূর্ণ জাহাজের ক্ষতিপূরণ চেয়ে বিমা দাবি পেশ করেন। বিমা কোম্পানি প্রথমে দাবি পূরণে অপারগতা প্রকাশ করলেও পরবর্তীতে শর্ত সাপেক্ষে তা পূরণ করতে চায়।

ক. বিমা কী? ১

খ. বিমাকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন? ২

গ. মি. চৌধুরীর দাবি পূরণে বিমা কোম্পানির অপারগতা প্রকাশের কারণ কী? ৩

ঘ. কী শর্তে বিমা কোম্পানি মি. চৌধুরীর দাবি পূরণ করবে বলে তুমি মনে করো? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ 'X' ফার্মাসিউটিক্যাল লি. যুক্তরাজ্য থেকে কাঁচামাল আমদানির জন্য 'মডার্ন শিপিং লাইনস' এর সাথে চুক্তিবদ্ধ হয়। আমদানিকৃত পণ্য সম্পূর্ণ বিমা করা এবং প্রিমিয়ামের টাকা সম্পূর্ণ পরিশোধ করা। যাত্রাপথে কোনো সমস্যা ছাড়াই মডার্ন শিপিং লাইনস এর জাহাজটি বন্দরে এসে পৌঁছে।

ক. দুর্ঘটনা বিমা কী? ১

খ. গবাদিপশু বিমা বলতে কী বোঝ? ২

গ. 'X' ফার্মাসিউটিক্যাল লি.-এর বিমাপত্রটি ছিল কী ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'X' ফার্মাসিউটিক্যাল লি. প্রিমিয়ামের টাকা ফেরত পাবে কি? তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও। ৪

১০.▶ ভবিষ্যতের কথা চিন্তা করে মি. কামাল একটি জীবন বিমা পলিসি গ্রহণ করেন। যার উত্তরাধিকারী করা হয় তার স্ত্রীকে। বিমা পলিসি গ্রহণকালে তিনি তার একটি মারাত্মক রোগের কথা গোপন রাখেন। তিনটি প্রিমিয়ামের টাকা প্রদানের পর মি. কামাল মৃত্যুবরণ করেন। মিসেস কামাল বিমা দাবি পেশ করলে বিমা কোম্পানি তা প্রত্যাখ্যান করে।

ক. স্থলাভিষিক্তকরণ নীতি কী? ১

খ. 'বিমা হলো ক্ষতিপূরণের চুক্তি'– ব্যাখ্যা করো। ২

গ. মি. কামাল কোন ধরনের জীবন বিমা করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা কোম্পানি মিসেস কামালের বিমা দাবি প্রত্যাখ্যান করে কেন? বুঝিয়ে বলো। ৪

১১.▶ মি. দত্ত Y জুট মিলের মালিক। সম্পূর্ণ মিলটি বিমাকৃত। দুর্ঘটনাবশত অগ্নিকাণ্ডে মিলে রক্ষিত সম্পূর্ণ কাঁচামাল এবং যন্ত্রপাতির অধিকাংশ ক্ষতিগ্রস্ত হয়। মি. দত্ত বিমা কোম্পানির নিকট সম্পূর্ণ বিমা দাবি পেশ করেন।

ক. প্রিমিয়াম কী? ১

খ. সমর্পণ মূল্য বলতে কী বোঝ? ২

গ. মি. দত্ত কী বিমা করেছিলেন? দেশের অর্থনৈতিক উন্নয়নে এ বিমার ভূমিকা কী? সংক্ষেপে লিখ। ৩

ঘ. মি. দত্তা যে বিমা দাবি করেছেন তা কি যুক্তিযুক্ত? তোমার মতের সপক্ষে যুক্তি দাও। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : ২ ৯ ৩

পূর্ণমান– ৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. সুদ প্রদান করা হয়ে থাকে–
i. চলতি হিসাবে ii. সঞ্চয়ী হিসাবে
iii. স্থায়ী হিসাবে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২-৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব মাহিন তার সঞ্চয়ী হিসাব থেকে ২,০০,০০০ টাকা উত্তোলন করেন। ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রথমে পাওয়া নোটগুলোতে অর্থ সচিবের স্বাক্ষর আছে। অপর নোটগুলোতে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের স্বাক্ষর আছে। জনাব মাহিন শেষোক্ত নোটগুলোকে লেনদেনে সর্বাধিক ব্যবহার করতে পারছেন।

২. জনাব মাহিনের প্রথমে পাওয়া নোটগুলো কত টাকার নোট ছিল?
ক ৫০ খ ২০
গ ১০ ঘ ২

৩. কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের স্বাক্ষরযুক্ত নোটগুলোকে ব্যাংক নোট বলার যুক্তি কি?
ক অর্থ মন্ত্রণালয়ের স্বাক্ষর আছে
খ বাংলাদেশ সরকার ছাপায় বলে
গ বাংলাদেশ ব্যাংকের লোগো আছে
ঘ আইনগত মর্যাদা প্রতিষ্ঠিত আছে

৪. শেষোক্ত নোটগুলো লেনদেনে জনপ্রিয় কারণ–
i. বহন করা সহজ
ii. সরকারি বৈধতা আছে
iii. সরকারি নোটে রূপান্তরযোগ্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. আধুনিক অগ্নিবিমার জনক কে?
ক নিকোলাস রবিনসন খ নিকোলাস কিড
গ নিকোলাস বারবান ঘ নিকোলাস আর্মড

৬. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর বিমা দাবি পরিশোধ করা হয় কোন বিমায়?
ক জীবন বিমা খ আজীবন বিমাপত্র
গ সাময়িক বিমাপত্র ঘ গোষ্ঠী বিমা

৭. রেমিটেন্স বলতে বোঝায়–
i. কারও পাঠানো অর্থ অন্য কাউকে পরিশোধ করা
ii. প্রবাসী অধিবাসী কর্তৃক অর্জিত অর্থ দেশে পাঠানো
iii. কাগজী মুদ্রার ব্যবহার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে লাগা আগুন কোন ঝুঁকির আওতাধীন?
ক দুর্ঘটনা বিমা খ ব্যক্তিগত ঝুঁকি
গ অগ্নি ঝুঁকি ঘ সামাজিক ঝুঁকি

**উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।**
বাংলাদেশ ফেডারেল ব্যাংক লি. অতি পরিচিত একটি আর্থিক প্রতিষ্ঠান। এই ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে বিভিন্ন ব্যাংকিং কার্যক্রম পচিালনা করে। সরকারও ব্যাংকটিকে গুরুত্ব প্রদান করে। মূলধন গঠনে এই ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।

৯. ফেডারেল ব্যাংক বাংলাদেশের কোন ধরনের ব্যাংক?
ক সরকারি খ একক
গ বাণিজ্যিক ঘ আমানতী

১০. ফেডারেল ব্যাংক মূলধন গঠনে কিভাবে সাহায্য করে?
ক সঞ্চয় সংগ্রহের মাধ্যমে
খ সঞ্চয় সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে
গ সঞ্চয় ও বিনিয়োগের মাধ্যমে
ঘ ঋণদান ও বিনিয়োগের মাধ্যমে

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
চামড়া শিল্পের উন্নতি দেখে X নামক বাণিজ্যিক ব্যাংক প্রতিষ্ঠানটি এখাতে প্রচুর ঋণ প্রদান করে। প্রথমদিকে বেশ মুনাফা করলেও আন্তর্জাতিক বাজারে চামড়ার দর পতনের কারণে এ ব্যাংকটি আর্থিকভাবে ব্যাপক সমস্যায় পড়েছে।

১১. X নামক ব্যাংকটি ঋণদানে কোন নীতি অনুসরণ করেনি?
ক সেবার খ বৈচিত্র্যতার
গ প্রচারের ঘ সুনামের

১২. ব্যাংকটি আর্থিক সমস্যা থেকে পরিত্রাণ পেতে ভবিষ্যতে করতে পারে–
i. ঋণ গ্রহীতার উদাসীনতা রোধ
ii. ঋণদান নীতি অনুসরণ
iii. গ্রাহকদের সন্তুষ্টি অর্জনের চেষ্টা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. কোন ব্যাংককে Mother of Modern Bank নামে অভিহিত করা হয়?
ক কেন্দ্রীয় ব্যাংক খ বিনিময় ব্যাংক
গ বাণিজ্যিক ব্যাংক
ঘ ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক

Teachingbd24.com
https://teachingbd24.com

১৪. বিমা ব্যবসায়ের মূলনীতিসমূহ হলো–
i. পরম সদ্বিশ্বাসের নীতি
ii. স্থলাভিষিক্তের নীতি
iii. সেবার নীতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚⓗ i ও iii
ⓖ ii ও iii ⓖⓗ i, ii ও iii

১৫. ব্যাংক জমাতিরিক্তের সুবিধা থাকে কোন ধরনের হিসাবে?
ক) সঞ্চয়ী হিসাবে খ) চলতি হিসাবে
গ) স্থায়ী হিসাবে ঘ) ডিপিএস হিসাবে

১৬. চেকের প্রস্তুতকারককে কি বলে?
ক) প্রাপক খ) অনুমোদনকারী
গ) আদেষ্টা ঘ) আদিষ্ট

১৭. ক্রয়ক্ষমতার সমতা তত্ত্বটির প্রবক্তা কে?
ক) জে. এম. কীনস খ) গুস্টাভ ক্যাসেল
গ) পি স্যামুয়েলসন ঘ) এম. এন. শর্মা

১৮. জনাব করিম ধারে ক্রয় বিক্রয়ের জন্য অত্যন্ত জনপ্রিয় হস্তান্তরযোগ্য ঋণের দলিল ব্যবহার করেন। তিনি কোন দলিলটি ব্যবহার করেন?
ক) বিনিময় বিল খ) চেক
গ) অঙ্গীকারপত্র ঘ) ব্যাংকের আজ্ঞাপত্র

১৯. চেক হলো–
i. হস্তান্তরযোগ্য ঋণের দলিল
ii. চাহিবামাত্র অর্থ পরিশোধের নির্দেশ
iii. শর্তহীন লিখিত আদেশ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২০. পাইকারি ব্যবসায়ী বাবুলের গুদামটি বিমা করা এবং তা বন্ধক রেখে ব্যাংক থেকে ৫ লাখ টাকা ঋণ নিয়েছে। এখানে ঋণ গ্রহণে সম্পদের কোন বিষয়টি বিবেচ্য হয়েছে?
ক) বিমাকৃত জামানত
খ) সম্পদের গুণগতমান
গ) সম্পদের গ্রহণযোগ্যতা
ঘ) সম্পদের দায়মুক্ততা

২১. ব্যাংক অব বার্সিলোনা কতসালে প্রতিষ্ঠিত হয়?
ক) ১১৫৭ খ) ১১৭৮
গ) ১৪০১ ঘ) ১৪০৭

২২. গ্রামীণ ব্যাংকের প্রবক্তা কে?
ক) ফজলে হোসেন আবেদ খ) সাইখ সিরাজ
গ) বাংলাদেশ সরকার ঘ) ড. মো. ইউনুস

২৩. জনাব মাহিন তার ব্যাংক হিসাবটি বন্ধ করতে চায়। এক্ষেত্রে তাকে ব্যাংকে জমা দিতে হবে–
i. পাস বই ii. চেক বই
iii. টাকা জমার রসিদ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৪. বাণিজ্যিক ব্যাংকের প্রতি গ্রাহকদের আকৃষ্টতার কোন কারণটি যুক্তিসঙ্গত?
ক) সুদের হার কম
খ) ব্যবস্থাপনা অত্যন্ত দক্ষ
গ) গ্রাহকদের অধিক ঋণদান
ঘ) ঋণসহ সেবাদান করে

২৫. পৃথিবীর প্রথম কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?
ক) ফেডারেল রিজার্ভ সিস্টেম
খ) ব্যাংক অব ইংল্যান্ড
গ) ব্যাংক অব ফ্রান্স
ঘ) রিকস ব্যাংক অব সুইডেন

২৬. দাগকাটা চেকের ক্ষেত্রে কোনটি অগ্রহণযোগ্য?
ক) অনুমোদন খ) অনুমোদন বা হস্তান্তর
গ) হস্তান্তর ঘ) বড় অঙ্কের লেনদেন

উদ্দীপকটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
মালিহা একটি অংশীদারি ব্যবসায় পরিচালনা করে। তার ব্যবসায়ের জন্য একটি ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। তাই সে একটি ব্যাংকের শরণাপন্ন হলো।

২৭. মালিহার মত ব্যবসায়ীদের কোন হিসাব অধিক উপযোগী?
ক) চলতি হিসাব খ) বিশেষ হিসাব
গ) স্থায়ী হিসাব ঘ) সঞ্চয়ী হিসাব

২৮. মালিহার ব্যাঙ্কের হিসাব খোলার জন্য প্রয়োজন হবে-
i. ট্রেড লাইসেন্স ii. চুক্তিপত্র
iii. স্মারক লিপি
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৯. KYC এর পূর্ণরূপ কী?
ক) Know Your Customer
খ) Known Your Customer
গ) Know Your Consumer
ঘ) Known Your Consumer

৩০. কোনটি সরকারি নোট?
ক) ৫ টাকা খ) ৫০ টাকা
গ) ১০০ টাকা ঘ) ১০০০ টাকা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | গ | ৪ | ঘ | ৫ | গ | ৬ | খ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | খ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | খ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd24.com